গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা- ৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৫৫.২০-১৫

তারিখঃ ২৮ পৌষ ১৪২৭ ব.
১২ জানুয়ারি ২০২১ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-১৫৩৬৯/২০১৮ মামলায় মহামান্য হাইকোর্ট বিভাগে কর্তৃক প্রদত্ত আদেশ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

সূত্র:

| | |
|---|---|
| (১) ডিটিই'র স্মারক নং- ৫৭.০৩.০০০০.০৯২.৩১.০১৭.১৩-৭৮৭, | তারিখ: ০৬/০৯/২০১৮ খ্রি. |
| (২) ডিটিই'র স্মারক নং- ৫৭.০৩.০০০০.০৯২.৩১.০১৭.১৩-৩১৯, | তারিখ: ০৮/০৪/২০১৯ খ্রি. |
| (৩) ডিটিই'র স্মারক নং- ৫৭.০৩.০০০০.০৯২.৩১.০১৭.১৩-৮৬৭, | তারিখ: ১০/১০/২০১৯ খ্রি. |
| (৪) ডিটিই'র স্মারক নং- ৫৭.০৩.০০০০.০৯২.৩১.০১৭.১৩-৪৯৯, | তারিখ: ২৫/০৬/২০২০ খ্রি. |
| (৫) বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ, এর বিচার শাখা'র বিজ্ঞপ্তি নং-১৫, | তারিখ: ১১/০৮/২০২০খ্রি। |
| (৬) ডিটিই'র স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৩৬.০৪.০০১.২০.৩২৬-২২৩৪, | তারিখ: ২৫/১০/২০২০ খ্রি. |
| (৭) টিএমইডি'র স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৫৫.২০-৩৬৬, | তারিখ: ১৫/১১/২০২০ খ্রি |
| (৮) ডিটিই'র স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৩৬.০৪.০০১.২০.৩২৬-২৩৬১, | তারিখ: ১৭/১২/২০২০ খ্রি. |

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজশাহী জেলার বাগমারা উপজেলাধীন শ্রীপুর রামনগর টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজের অধ্যক্ষ জনাব মো: আতাউর রহমান প্রামানিক এমপিওকরণ বিষয়ে জালিয়াতিতে জড়িত থাকায় কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক ০৬/০৯/২০১৮ খ্রি. তারিখে সূত্রোক্ত (১) নং স্মারকমূলে এমপিও বাতিল করা হয়।

২। উক্ত স্মারকের বিরুদ্ধে সংক্ষুব্ধ হয়ে মো: আতাউর রহমান প্রামানিক কর্তৃক মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-১৫৩৬৯/২০১৮ মামলা দায়ের করা হয়। উক্ত রিট মামলাটি গত ১৭.১২.২০১৮ খ্রি. তারিখে মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক শুনানী অনিষ্পন্ন রেখে কারিগরি শিক্ষা অধিদপ্তরের ০৬/০৯/২০১৮ খ্রি. তারিখের সূত্রোক্ত (১) নং স্মারকমূলে জারিকৃত পত্রের কার্যক্রম ০৪ (চার) মাস স্থগিত করা হয় এবং ডিটিই হতে ০৮/০৪/২০১৯খ্রি. তারিখে সূত্রোক্ত (২) নং স্মারকমূলে পিটিশনারের (সেপ্টেম্বর/১৮ হতে ডিসেম্বর/১৮) এমপিও ছাড় করা হয়।

৩। মহামান্য আদালত কর্তৃক উক্ত স্থগিতাদেশ গত ১৭/০৪/২০১৯ তারিখে ২য় বার ০৬ (ছয়) মাস বৃদ্ধি করায় ডিটিই হতে সুত্রোক্ত (৩) নং স্মারকমূলে (জানু:/১৯ হতে জুন/১৯) এমপিও ছাড় করা হয় এবং ১৬/১০/২০১৯ তারিখে ... The order of stay granted earlier by this Court is extended for a period of 06 (six) months. মর্মে ৩য় বার ০৬ (ছয়) মাস বৃদ্ধি করায় ডিটিই হতে সূত্রোক্ত (৪) নং স্মারকমূলে ৩য় বার (জুলাই/১৯ হতে ডিসেম্বর/১৯) উক্ত অধ্যক্ষের এমপিও ছাড় করা হয়।

৪। উল্লেখ্য- **"বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের ১১ এপ্রিল, ২০২০ খ্রিষ্টাব্দের ২৭৫০ এ নং স্মারকের ধারাবাহিকতায় পুনরায় উল্লেখ করা যাচ্ছে যে, যে সকল ফৌজদারী মামলায় আসামীকে নির্দিষ্ট সময় পর্যন্ত জামিন প্রদান করা হয়েছে বা যে সকল মামলায় নির্দিষ্ট সময়ের জন্য অস্থায়ী নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা/স্থগিতাদেশ এর আদেশ প্রদান করা হয়েছে, সে সকল মামলার আদেশের কার্যকারিতা উচ্চ আদালত পূর্ণাঙ্গরূপে খোলার তারিখ পর্যন্ত বর্ধিত হয়েছে মর্মে গণ্য হবে"** মর্মে বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ, ঢাকা এর বিচার শাখা কর্তৃক গত ১১/০৮/২০২০ তারিখে সূত্রোক্ত (৫) নং বিজ্ঞপ্তি মূলে জানানো হয়।

৫। উক্ত বিজ্ঞপ্তির কপি সংযুক্ত করে আলোচ্য রিট মামলার পুর্ববর্তী স্থগিতাদেশ বহাল রাখার আদেশ হিসেবে ৪র্থ বারের মত ০৬ (ছয়) মাস বেতন-ভাতা (এমপিও) প্রদানের জন্য ২২/৮/২০ তারিখে একই সাথে সচিব, টিএমইডি এবং ডিজি, ডিটিই বরারব আবেদন করা হয়।

৬। তৎপ্রেক্ষিতে ডিটিই কর্তৃক ২৫/১০/২০২০খ্রি. তারিখে সূত্রোক্ত (৬) নং স্মারকের পত্রে পিটিশনার এর বরাতে উল্লেখ করা হয় যে- মহামান্য আদালত পুনরায় **"৪র্থ বারের মত ০৬ (ছয়) মাসের বেতন ভাতা প্রদানের আদেশ প্রদান করেছেন। এমতাবস্থায়, মহামান্য আদালতের আদেশ বাস্তবায়নের মাধ্যমে আমার (পিটিশনারের) বেতন প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় আবেদন করছি"। বাদী তার আবেদনে মহামান্য আদালতের ৪র্থ বারের মত ০৬ (ছয়) মাসের অন্তবর্তীকালীন আদেশের মেয়াদ উল্লেখ করলেও মহামান্য হাইকোর্টের আদেশের কপি প্রদান করেন নাই" মর্মে উল্লেখ করা হয়।** উক্ত প্রস্তাবের সাথে হাইকোর্ট বিভাগের আদেশের ১১/৮/২০ তারিখের ১৫ নং বিজ্ঞপ্তির কপি সংযুক্ত ছিল।

৭। সে প্রেক্ষিতে পিটিশনার কর্তৃক কি বিভ্রান্তিমূলক তথ্য প্রদান করা হয়েছে তাসহ কতিপয় তথ্য জানানোর জন্য টিএমইডি হতে ডিজি, ডিটিই-কে ১৫/১১/২০২০খ্রি. তারিখে সূত্রোক্ত (৭) নং স্মারকমূলে পত্র প্রেরণ করা হয়।

(ক) টিএমইডি'র উক্ত পত্রের প্রেক্ষিতে ডিটিই কর্তৃক জানানো হয় যে, জনাব মো: আতাউর রহমান প্রামানিক (ইনডেক্স নং- ৪২৯৬৯৬) এর বকেয়া বেতন ভাতার সরকারি অংশ ০৬ (ছয়) মাস (জুলাই/১৯ হতে ডিসেম্বর/১৯) প্রদান করা হলো মর্মে ডিটিই হতে ২৫/৬/২০২০খ্রি. তারিখে সূত্রোক্ত (৪) নং স্মারকমূলে অফিস আদেশ জারি করা হয়। উল্লেখ্য উক্ত বকেয়া বেতন-ভাতা জুন/২০২০ মাসের এমপিও-তে ছাড়া হয়েছে মর্মে দেখা যায়।

চলমান পাতা নং-০২

(খ) অন্যদিকে পিটিশনার তার ২২/০৮/২০২০খ্রি. তারিখে ডিজি, ডিটিই বরারব দাখিলকৃত আবেদনে উল্লেখ করেন যে, আমার প্রাপ্যতার ভিত্তিতে সেপ্টে/১৮ হতে ডিসে/১৮ = ০৪ (চার) মাস, জানু/১৯ হতে জুন/১৯ = ০৬ (ছয়) মাস এবং জানু/২০ হতে জুন/২০ = ০৬ (ছয়) মাস ধারাবাহিক ভাবে বেতন ভাতা প্রদান করেছেন এবং আমি পেয়েছি। যা ডিটিই'র ২৫/৬/২০২০খ্রি. তারিখে ৪৯৯ নং অফিস আদেশ এবং পিটিশনার কর্তৃক ২২/০৮/২০২০খ্রি. তারিখে ডিজি, ডিটিই বরারব দাখিলকৃত আবেদনের বর্ণনা পরস্পর বিভ্রান্তিমূলক মর্মে স্পষ্ট হয়।

(গ) তথাপি ডিটিই কর্তৃক সূত্রোক্ত (৮) নং পত্রের মাধ্যমে হাইকোর্ট বিভাগের ১১/৮/২০ তারিখের ১৫ নং বিজ্ঞপ্তির নির্দেশনা উল্লেখকরত: উক্ত নির্দেশনামতে পিটিশনার এর জানুয়ারি/২০২০ হতে বকেয়া এমপিও প্রদানের বিষয়ে পরবর্তী নির্দেশনা চাওয়া হয়েছে। সে সাথে হাইকোর্টের অন্তবর্তীকালীন আদেশ vacate করণের আবেদন মূল মামলার শুনানীর সাথে নথিজাত হওয়ায় এবং বাদীর বিরুদ্ধে জালিয়াতির অভিযোগ থাকায় উক্ত মামলায় কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিজ্ঞ আইনজীবীর পাশাপাশি টিইমইডি'র বিজ্ঞ আইনজীবীকে নিয়োগ প্রদান করার জন্য পুনরায় অনুরোধ জানানো হয়েছে।

৮। উল্লেখ্য- রিট পিটিশন নং-১৫৩৬৯/২০১৮ মামলার অন্তবর্তীকালীন সর্বশেষ আদেশের (১৬/১০/২০১৯ খ্রি. তারিখের) মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে **"পূর্ববর্তী অন্তবর্তীকালীন আদেশের কার্যকারিতা উচ্চ আদালত পূর্ণাঙ্গরূপে খোলার তারিখ পর্যন্ত বর্ধিত হয়েছে"** মর্মে হাইকোর্ট বিভাগের বিচার শাখা কর্তৃক ১১/০৮/২০২০ তারিখে জারীকৃত সুত্রোক্ত (৫) নং বিজ্ঞপ্তিটিই উক্ত অন্তবর্তীকালীন আদেশের মেয়াদ বৃদ্ধির আদেশ হিসেবে গণ্য মর্মে স্পষ্ট হয়।

৯। যেহেতু রিট পিটিশন নং-১৫৩৬৯/২০১৮ মামলার ১৬/১০/২০১৯ খ্রি. তারিখের অন্তবর্তীকালীন আদেশটি বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ, ঢাকা এর বিচার শাখা'র গত ১১/০৮/২০২০ তারিখের সুত্রোক্ত (৫) নং বিজ্ঞপ্তিমূলে উচ্চ আদালত পূর্ণাঙ্গরূপে খোলার তারিখ পর্যন্ত বর্ধিত হয়েছে এবং যেহেতু ডিটিই কর্তৃক মহামান্য হাইকোর্টের উক্ত অন্তবর্তীকালীন আদেশ vacate করণের আবেদন মূল মামলার শুনানীর সাথে নথিজাত করা হয়েছে সেহেতু উক্ত রিট মামলার ১৬/১০/২০১৯ খ্রি. তারিখের অন্তবর্তীকালীন আদেশ এর ধারাবাহিকতায় পিটিশনার এর (পূর্বে এমপিও প্রদানের পর হতে) জানুয়ারি/২০২০ হতে বকেয়া এমপিও চালুকরত: উচ্চ আদালত পূর্ণাঙ্গরূপে খোলার তারিখ পর্যন্ত / রিট পিটিশন নং-১৫৩৬৯/২০১৮ মামলার অন্তবর্তীকালীন আদেশ vacate হওয়া পর্যন্ত (যেটা আগে হয়) চালু রাখা আবশ্যক।

১০। বর্ণিত প্রেক্ষাপটে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন-

(ক) রিট মামলার ১৬/১০/২০১৯ খ্রি. তারিখের অন্তবর্তীকালীন আদেশ এর ধারাবাহিকতায় রাজশাহী জেলার বাগমারা উপজেলাধীন শ্রীপুর রামনগর টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজের অধ্যক্ষ এর (পূর্বে এমপিও প্রদানের পর হতে) জানুয়ারি/২০২০ হতে বকেয়া এমপিও চালুকরত: উচ্চ আদালত পূর্ণাঙ্গরূপে খোলার তারিখ পর্যন্ত / রিট পিটিশন নং-১৫৩৬৯/২০১৮ মামলার অন্তবর্তীকালীন আদেশ vacate হওয়া পর্যন্ত (যেটা আগে হয়) চালু রাখা;

(খ) উচ্চ আদালত পূর্ণাঙ্গরূপে খোলার পর যত দ্রুত সম্ভব রিট পিটিশন নং-১৫৩৬৯/২০১৮ মামলাটি পূর্ণাঙ্গ শুনানীর ব্যবস্থা গ্রহণ করা;

(গ) পিটিশনার এর বিরুদ্ধে এমপিওকরণে জালিয়াতির অভিযোগ থাকায় রিট পিটিশন নং-১৫৩৬৯/২০১৮ মামলা সংশ্লিষ্ট পিটিশনার এর জালিয়াতি সংক্রান্ত তথ্য উপাত্তসমূহ ডিটিই'র বিজ্ঞ আইনজীবীর মাধ্যমে মহামান্য আদালতের গোচরে নেয়া এবং মামলার প্রতিদ্বন্দ্বিতা করা;

(ঘ) কোন বেসরকারি শিক্ষক-কর্মচারীকে এমপিওভুক্ত করার কাজটি সংশ্লিষ্ট অধিদপ্তর কর্তৃক সম্পন্ন করা হয়ে থাকে। সেক্ষেত্রে পিটিশনার এর বিরুদ্ধে এমপিওভুক্ত করার জালিয়াতি সংক্রান্ত অভিযোগটি পিটিশনার এর একার পক্ষে করা সম্ভব নয়। সংশ্লিষ্ট দপ্তরের লোক এ জালিয়াতির সাথে জড়িত থাকার সম্ভাবনা রয়েছে বিধায় তদন্ত করে জড়িতদের চিহ্নিত করে তাদেরকে আইনের আওতায় আনা এবং এ বিষয়ে ভবিষ্যতে আরো সতকর্তা অবলম্বন করা;

১১। এমতাবস্থায়, অনুচ্ছেদ নং-১০ এ উল্লিখিত মতে ব্যবস্থা গ্রহণক্রমে আগামি ২৭/০১/২০২১ খ্রি. তারিখের মধ্যে তথ্যাদি (প্রমাণকসহ) টিএমইডি-কে অবহিত করা। সে সাথে অফিস প্রধানের মাধ্যমে দাপ্তরিক যোগাযোগ করার জন্যও নির্দেশক্রমে মহোদয়-কে অনুরোধ করা হলো।

২১/০১/২১

(মাহমুদুর রহমান)
উপসচিব (অডিট ও আইন)
ফোন: ৪১০৫০১৫৭

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।

<u>অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):</u>

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। অধ্যক্ষ, শ্রীপুর রামনগর টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ, ডাকঘর- সাইপাড়া, উপজেলা-বাগমারা, জেলা-রাজশাহী।
৬। অফিস কপি/মাষ্টার কপি।